# বেপজা পাবলিক স্কুল ও কলেজ চট্টগ্রাম

## একাদশ ও দ্বাদশ শ্রেণির শিক্ষার্থীদের জন্য

## বিষয় ঃ ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা ১ম পত্র

## **অধ্যায় ঃ** ব্যবসায় উদ্যোগ

### **মডেল প্রশ্ন-০১**

জনাব রাসু দীর্ঘদিন একটি ফ্যান তৈরীর কারখানায় কাজ করে দক্ষতা ও অভিজ্ঞতা অর্জনের মাধ্যমে নিজস্ব বিদ্যা বুদ্ধি ব্যবহার করে স্বল্প বিদ্যুৎ ব্যয়ে ও স্বল্প খরচে একটি ফ্যান তৈরী করেন। পরে চাকুরি ছেড়ে দিয়ে তিনি তার নিজস্ব প্রযুক্তির ফ্যান তৈরীর একটি কারখানা স্থাপন করেন। জনাব রাসু পরিমানমত ফ্যান তৈরী করতে যে স্থায়ী ও চলতি মূলধন প্রয়োজন তা প্রতমে নির্ধারণ পূর্বক উক্ত অর্থ সংস্থানের জন্য নিজস্ব ও ব্যাক্তি ঋণ ও ব্যাংক ঋণ সংগ্রহের ব্যবস্থা করেন। মিতব্যয়িতার সাথে পরিমিত ব্যবহার নিশ্চিত করেন। ফলে অল্প সময়ে তিনি একজন সফল ব্যবসায়ী হিসেবে নিজেকে পরিবর্তিত করেন।

ক)আবিষ্কারক কে ? ১

খ) ঝুঁকি উদ্যোগ গ্রহনের অন্যতম অনুসঙ্গ। ২

গ) উদ্দীপকের জনাব রাসুর ফ্যান তৈরীর কারখানা স্থাপনে ব্যবসায় উদ্যোগের কোন বৈশিষ্ট্য বেশি কার্যকরী হিসেবে বিবেচিত ব্যাখ্যা কর। ৩

ঘ)" ব্যবসায় উদ্যোগের কার্যাবলি হিসেবে অর্থসংস্থান এর মাধ্যমে জনাব রাসু সফল ব্যবসায়ী হিসেবে প্রতিষ্ঠিত হয়েছে" উক্তিটির সাথে তুমি কি একমত ? তার যথার্থতা বিশ্লেষণ কর। ৪

### **১নং প্রঃ উঃ ক**

আবিষ্কারক ঃ- যে বা যিনি ধারাবাহিক গবেষনার মাধ্যমে সম্পূর্নভাবে নুতন পণ্য বা সেবা সম্পর্কিত ধারণা উদ্ভাবন করেন, তাকে আবিষ্কারক বলা হয়।

### **১নং প্রঃ উঃ খ**

আর্থিক ক্ষতির আশঙ্কাকে ঝুঁকি বলে। অর্থাৎ মূনাফা অর্জনের উদ্দেশ্যে সব ধরনের আর্থিক ক্ষতির সম্ভাবনা মেনে নেয়াকে ঝুঁকি হিসেবে বিবেচনা করা হয়।

সাধারনত ব্যবসায়ের সামগ্রিক পরিবেশ বিবেচনার শিল্প বা ব্যবসায় স্থাপনের মানসিক রূপরেখা তৈরী এবং তা বাস্তবায়নের সমন্বিত কার্যক্রমকে উদ্যোগ গ্রহন বলা হয়। যার সাথে সর্বক্ষন ঝুঁকি সন্নিবেশিত থাকে।

বস্তুত: ঝুঁকি বিহীন উদ্যোগ গ্রহন কল্পনা করা যায়না বিধায় ঝুঁকিকে উদ্যোগ গ্রহনের অন্যতম অনুসঙ্গ ধরা হয়।

### **১নং প্রঃ উঃ গ**

উদ্দীপকে জনাব রাসুর ফ্যান তৈরীর কারখানা স্থাপনে ব্যবসায় উদ্যেগের উদ্ভাবনমূলক বৈশিষ্ট্য বেশি কার্যকরি হিসেবে বিবেচিত।

সচরাচর আবিষ্কৃত কোন পণ্য বা সেবার উন্নয়ন ও সম্প্রসারন ঘটিয়ে নুতন ধারনা সৃষ্টি বা নুতনত্ব প্রতিষ্ঠা সংক্রান্ত কার্যক্রমই উদ্ভাবন বলা হয়। পুরনো পণ্য ও পদ্ধতির পরিবর্তে নুতন পন্য ও উন্নত পদ্ধতির প্রবর্তনই উদ্ভাবনের নামান্তর ।

এই প্যারায়ঃ------- উদ্দীপকের বর্ণনা থেকে জনাব রাসুর নুতন প্রযুক্তির ফ্যান তৈরীর বর্ণনা দিয়ে তা যে উদ্ভাবন বুঝিয়ে লিখবে।

এই প্যারায়ঃ------- পরিসমাপ্তি বাক্য দিয়ে শেষ করবে।

**১নং প্রঃ উঃ ঘ**

হ্যাঁ উক্তিটির সাথে আমি সম্পূর্ন একমত। অর্থাৎ ব্যবসায় উদ্যোগের অন্যতম কাজ হিসেবে অর্থসংস্থানের মাধ্যমে জনাব রাসু সফল ব্যবসায়ী হিসেবে প্রতিষ্ঠিত হয়েছে।

ব্যবসায় প্রতিষ্ঠা ও পরিচালনার জন্য প্রয়োজনীয় অর্থ সংগ্রহ ও এর সঠিক ব্যবহার সংক্রান্ত যাবতীয় কার্যাবলিকে অর্থসংস্থান বলে। অর্থকে ব্যবসায়ের জীবনী শক্তি বলা হয়।

এই প্যারায়--- উদ্দীপকের বর্ণনা থেকে অর্থসংস্থান বিষয়ক আলোচনা উপস্থাপন করবে।

এই প্যারায়--- সফল ব্যবসায়ী হওয়ার জন্য জনাব রাসুর অর্থ সংগ্রহ এর পরিমিত ব্যবহার যে ভূমিকা রেখেছে তা বিশ্লেষন করে লিখবে।

এই প্যারায়--- জনাব রাসুর উদ্ভাবনী বৈশিষ্ট নিয়ে অর্থসংস্থানের মাধ্যমে সফল ব্যবসায়ী হয়েছে তা লিখে উত্তর শেষ করবে।

## মডেল প্রশ্ন-০২

মি: নিপু লক্ষ্য করেন, তার এলাকায় শীতকালে প্রচুর টমেটো উৎপাদন হয়। কিন্তু চাহিদার তুলনায় অনেক বেশি উৎপাদনের ফলে দাম ও কুব কম থাকে। আবার অন্যান্য মৌসুমে টমেটোর দাম থাকে অসম্ভব চড়া। তাই তিনি খুব উন্নয়নের প্রশিক্ষণ নিয়ে একটি টমেটো সস ও একটি ক্যাচাপ তৈরীর কারখানা স্থাপন করেন। যা সারা বছর ভোক্তার টমেটো জাতীয় চাহিদা পূরনে ফলপ্রসু ভূমিকা রাখবে এবং ব্যবসায় ও হবে। এ লক্ষে তিনি নিজেকে প্রতিষ্ঠিত ব্যবসায়ী হতে তার গুনাবলী আছে কিনা তা স্বেচ্ছাপ্রণোদিত হয়ে আত্মবিশ্লেষনমূলক মূল্যায়ন করে সে অনুযায়ী প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহনের কার্যক্রম সম্পাদন করেন। ফলশ্রুতিতে দেখা যায় তার ব্যবসায়ে প্রথম বছর থেকে সাফল্যের মুখ দেখা শুরু করেন।

ক) কৃতিত্ব অর্জন চাহিদা কি ? ১

খ) উদ্যোগী মানুষের সৃজনশীলতা গুনাবলি থাকা আবশ্যক, ব্যাখ্যা কর। । ২

গ) উদ্দীপকে টমেটো সস কারখানা স্থাপনে উদ্যোক্তা হিসেবে মি: নিপুর কোন গুনটি বেশী প্রকাশিত হয়েছে-ব্যাখ্যা কর। ৩

ঘ) মি: নিপু আত্মবিশ্লেষনের পদক্ষেপ অনুসরণে ব্যবসায় কার্যক্রম গ্রহন করাই তার সফলতার অন্যতম কারন উক্তিটির সাথে তুমি কি একমত ? যুক্তিসহ মূল্যায়ন কর। ৪

**২নং প্রঃ উঃ ক**

কৃতিত্ব অর্জন চাহিদা ঃ- কৃতিত্ব অর্জন চাহিদা বলতে প্রতিযোগিতাপূর্ণ কাজ করার অদম্য ইচ্ছা এবং এরূপ কাজে সন্তোষজনক ফলাফল অর্জনের আগ্রহকে বুঝায়?

## ২নং প্রঃ উঃ খ

মেধা-মননের সাহায্যে নতুন ধারণা, নিয়ম পদ্ধতি প্রভৃতি তৈরি করা বা ধ্যানধারণা তৈরি করায় সামর্থ্যকে সৃজনশীরতা বলে।

একজন সকল উদ্যোগী মানুষের প্রধানগুণ সৃজনশীলতা। সীমিত সম্পদের কাম্য ব্যবহার নিশ্চিত করার মাধ্যমে নুতন পণ্য ও ধারণা উদ্ভাবনে উদ্যোগী মানুষকে বুদ্ধিমত্তা ও সতকর্তার পরিচয় দিতে হয়। উদ্যোগী মানুষই উদ্যোক্তা হিসেবে মত বেশি উদ্ভাবন ও সৃজনশীলতার বিকাশ ঘটাবেন। তিনি তত সহজে সাফল্য অর্জন করতে পারবেন। অন্যদের জন্য অনুকরণীয় ও অনুসরণীয় দৃষ্টান্ত স্থাপন করতে পারবেন।

অর্থাৎ উদ্যোগী মানুষের সৃজনশীলতার গুণাবলী থাকা অবশ্যম্ভাবী।

## ২নং প্রঃ উঃ গ

উদ্দীপকে টমেটো সস কারখানা স্থাপনে উদ্যোক্তা হিসেবে মি: নিপুর দূরদৃষ্টি বা দূরদর্শিতা গুণটি প্রকাশিত হয়েছে।

ভবিষ্যতে কী ঘটবে বা কী প্রয়োজন হবে তা আগেই অনুমান করার সামর্থ্যকে দূরদর্শিতা বলে। উদ্যোক্তার দূরদৃষ্টি বা প্রজ্ঞা দ্বারা সম্ভাবনাময় ব্যবসায়ের নুতন ক্ষেত্র চিহ্নিত করেন। আর দূরদৃষ্টির উপর সফলতা নির্ভরশীল।

এই প্যারায় ঃ----- উদ্দীপক থেকে প্রয়োজনীয় অংশ ১১ উদৃত করে দূরদৃষ্টি গুণটি বুঝিয়ে লিখবে।

এই প্যারায় ঃ--- উপসংহার হিসেবে বাক্য লিখবে পরিসমাপ্তি করবে।

## ২নং প্রঃ উঃ ঘ

মি: নিপু আত্মবিশ্লেষণের পদক্ষেপ অনুসরণ ব্যবসায় কার্যক্রম গ্রহণ করাই তাঁর সফলতার অন্যতম কারণ উক্তিটির সাথে আমি সম্পূর্ণ একমত।

নিজের সক্ষমতা, গুণ বা কর্মদক্ষতা যাচইয়ের জন্য নিজেই নিজের কাজ ও আচরণ মূল্যায়নের প্রক্রিয়াকে আত্মবিশ্লেষণ বলে। উদ্যোগ গ্রহণের আগে একজন উদ্যোক্তার জানা উচিত। তার উদ্যোক্তা হওয়ার গুণাবলি আছে কিনা আর আত্মবিশ্লেষণের মাধ্যমে একজন উদ্যোক্তা নিজের সক্ষমতা যাচাই করতে পারে।

এই প্যারায় ঃ--- আত্মবিশ্লেষণের পদক্ষেপ অনুসরণে মি: নিপুর সক্ষমতার উপলব্ধি এবং ভবিষ্যত মূল্যায়নমূলক কার্যক্রম তাকে যে সফলতা এনে দিয়েছে তা বিশ্লেষণার্থক লিখবে।

এই প্যারায় ঃ--- পরিশেষের বাক্য লিখে শেষ করবে। (১ লাইন)

## মডেল প্রশ্ন-০৩

জনাব জনি দুবাই এর খেজুর বাগানে শ্রমিক হিসেবে প্রায় দশ বছর কাজ করেছেন। সম্প্রতি তিনি দেশে এসে প্রয়োজনীয় জমি কিনে একটি খেজুর বাগান প্রতিষ্ঠা করেন। এই দেশে আরবের খোরমা খেজুর এর প্রচুর চাহিদার কথা মাথায় রেখে জনাব জনি আর চাকুরির চিন্তা না করে নিজের কর্মসংস্থানসহ অনেক লোকের কর্মসংস্থানসহ অনেক লোকের কর্মসংস্থান সৃষ্টি করেন। মাত্র পাঁচ বছরে মাথায় তার বাগানে প্রচুর খেজুর উৎপাদন হয়। যার স্বাদ গন্ধ আরবের খেজুরের মত। ফলে অল্প সময়ে তাঁর খেজুর আকর্ষণীয় দামে বিক্রি হয়ে যায়। বর্তমানে জনাব জনি একজন প্রতিষ্ঠিত ব্যবসায়ী।

ক) সুযোগ সন্ধানী উদ্যোক্তা কাকে বলে? ১

খ) সকল উদ্যোক্তা ব্যবস্থাপক কিন্তু সকল ব্যবস্থাপক উদ্যোক্তা নয়-ব্যাখ্যা কর। ২

গ) উদ্দীপকে জনাব জনি কোন ধরণের উদ্যোক্তা-ব্যাখ্যা কর। ৩

ঘ) কর্মসংস্থানের ধরণের ভিত্তিতে জনাব জনির বাগান প্রতিষ্ঠার ব্যবসায়টি সমাজের জন্য অনুকরণীয় উদ্দীপকের আলোকে বিশ্লেষণ কর। ৪

### ৩নং প্রঃ উঃ ক

সুযোগ সন্ধানী উদ্যোক্ত ঃ যে সকল উদ্যোক্তা প্রযুক্তিগত, সামাজিক ও অর্থনৈতিক সুযোগ সুবিধা যথাসময়ে ব্যবহার করে সাফল্য অর্জনের চেষ্টা করেন, তাদের সুযোগসন্ধানী উদ্যোক্ত বলে।

### ৩নং প্রঃ উঃ খ

যিনি উদ্যোক্তা গ্রহণ করেন তাকে উদ্যোক্তা বলে। আর যিনি প্রতিষ্ঠানের লক্ষ্যার্জনে প্রয়োজনীয় ব্যবস্থাপনা বিষয়ক সামগ্রিক কাজ সম্পাদন তাকে ব্যবস্থাপক বলে।

একজন উদ্যোক্তা সবকিছু সৃষ্টি এবং তার তদারকি থেকে শুরু করে ব্যবস্থা গ্রহণ সহ যাবতীয় কাজ সম্পদান করে। অর্থাৎ মালিক হিসেবে তার ভূমিকা অগ্রগণ্য। সে ক্ষেত্রে ব্যবস্থাপক এর মালিকানা থাকা মূখ্য নয়। বরং ব্যবস্থাপক মালিক বা প্রতিষ্ঠানের স্বার্থ সংরক্ষণে প্রাপ্ত থাকে।

তাই বলা হয় সকল উদ্যোক্তা ব্যবস্থাপক কিন্তু সকল ব্যবস্থাপক উদ্যোক্তা নয়।

### ৩নং প্রঃ উঃ গ

উদ্দীপকে জনাব জনি অণুকরণ প্রিয় উদ্যোক্তা।

সাধারণত যে সকল উদ্যোক্তা অন্যের কার্যক্রম অনুকরণ বা সামান্য পরিবর্তন করে নিজস্ব উপাদান ও পরিবেশের সাথে সমন্বয় করে তাকে অনুকরণ প্রিয় উদ্যোক্তা বলে। এই সকল উদ্যোক্তা অন্যের বিষয়বস্তুকে ভালভাবে রপ্ত করে নিজের মত করে পরিবর্তন, পরিবর্ধন ও সংশোধন করে নিজের কাজে লাগানোর ব্যবস্থা করে।

এই প্যারায় ঃ--- উদ্দীপক থেকে জনির দেশে বাগান প্রতিষ্ঠার অংশ উদৃত করবে।

এই প্যারায় ঃ--- উপসংহার হিসেবে একটি সমাপ্তি বাক্য লিখবে।

**৩নং প্রঃ উঃ ঘ**

উদ্দীপকে জনাব জনির বাগান প্রতিষ্ঠা আত্মকর্মসংস্থান হিসেবে বিবেচিত।

নিজেই নিজের কর্মসংস্থানের ব্যবস্থা সৃষ্টি করলে তাকে আত্ম-কর্মসংস্থান বলে। একজন ব্যক্তি কারো অধীনে চাকুরীর চিন্তা না করে নিজের উপার্জন ক্ষেত্র এবং কাজের ক্ষেত্র সৃষ্টি করলে তাকে আত্মকর্মসংস্থান হিসেবে বিবেচিত করা হয়।

এই প্যারায় ঃ--- উদ্দীপকের বর্ণনা থেকে প্রয়োজনীয় অংশ উদৃত করে লিখবে।

এই প্যারায় ঃ--- জনাব জনির বাগান প্রতিষ্ঠা করে ব্যবসায়ের সফলতা দেখে অন্যরা উদ্বুদ্ধ হবে এই বিষয়টি সুন্দর করে বিশ্লেষণ করে লিখবে।

এই প্যারায় ঃ--- পরিসমাপ্তি বাক্য লিখতে শেষ করবে।

**মডেল প্রশ্ন-০৪**

মিস্ তনু প্রশিক্ষণ নিয়ে একটি বুটিক কারখানা প্রতিষ্ঠার জন্য একাগ্র চিত্তে প্রচেষ্টা চালিয়ে যাচ্ছে। তিনি বিভিন্ন বাধা বিপত্তি ও আর্থিক ক্ষতি সম্ভাবনা সমস্ত কিছু মাথায় নিয়ে বুটিক কারখানা প্রতিষ্ঠায় ব্রতী হয়েছেন। তিনি বিভিন্ন সংস্থা,ব্যাংক, সরকারি ও সহায়তাকারী প্রতিষ্ঠানের সাথে যোগাযোগ করে প্রয়োজনীয় অর্থ থেকে শুরু করে লজিস্টিক সুবিধা আদায় এর মাধ্যমে বুটিক কারখানাটি চালু করে ফেলেন। বর্তমানে তাঁর কারখানাটি চালু করে ফেলেন। বর্তমানে তাঁর কারখানাটি দেশের স্ব-নামধন্য বুটিক কারখানা হিসেবে সমাদৃত যার পণ্যের কদর ক্রেতাদের কাছে আকর্ষণীয়।

ক) অর্থসংস্থান কী? ১

খ) শিল্প স্থাপনে প্রশিক্ষণ সহায়ক ভূমিকা পালন করে ব্যাখ্যা কর। ২

গ) উদ্দীপকে উদ্যোক্তা হিসেবে মিস তনুর কোন গুণটি অধিক প্রকাশিত হয়েছে-ব্যাখ্যা কর। ৩

ঘ) “নারী উদ্যোক্তা হিসেবে মিস্ তনুর কোন গুণটি অধিক প্রকাশিত হয়েছে-ব্যাখ্যা কর। ৪

**৪নং প্রঃ উঃ ক**

অর্থসংস্থানঃ- প্রতিষ্ঠানের প্রয়োজনীয় অর্থের পরিমাণ করা, অর্থ সংগ্রহের বিভিন্ন উৎস অনসন্ধান করা এবং উপযুক্ত উৎসসমূহ থেকে অর্থসংগ্রহ ও তা যথাযথভাবে কাজে লাগানোর প্রক্রিয়াকে অর্থসংস্থান বলে।

**৪নং প্রঃ উঃ খ**

নতুন নিয়োগ বা বিদ্যমান কর্মীদের কাজের সাথে পরিচিত করানো বা দক্ষতা বৃদ্ধির জন্য সংশ্লিষ্টদের হাতে কলমে প্রয়োজনীয় জ্ঞান, দক্ষতা ও সক্ষমতা অর্জনে নিয়মতান্ত্রিক শিখন প্রক্রিয়াই হলো প্রশিক্ষণ।

একজন প্রশিক্ষিত উদ্যোক্তা শিল্প স্থাপনে তৈরি হওয়া বাধাসমূহ সহজে অতিক্রম করতে সক্ষম হবে। শিল্প স্থাপনের সম্ভাব্য পরিকল্পনা থেকে শুরু করে প্রতিষ্ঠা লাভ পর্যন্ত প্রতিটি ক্ষেত্রে প্রশিক্ষিত ব্যক্তি সহজ অনুধাবন ও সময়মত বাস্তবায়নে সচেষ্ট থাকবে।

অর্থাৎ শিল্প স্থাপনে প্রশিক্ষণের গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে।

**৪নং প্রঃ উঃ গ**

উদ্দীপকে উদ্যোক্তা হিসেবে মিস্ তনুর ঝুঁকি গ্রহণের মানসিকতা গুণটি অধিক প্রকাশিত হয়েছে।

মুনাফা অর্জনের উদ্দেশ্যে সব ধরনের আর্থিক ক্ষতির সম্ভাবনা মেনে নিয়ে ব্যবসায় প্রতিষ্ঠান গঠন ও পরিচালনায় সচেষ্ট থাকাকে ঝুঁকি গ্রহণের মানসিকতা বুঝায়। সাধারণত ক্ষতি বা ঝুঁকির আশঙ্কা আছে জেনে ও উদ্যোক্তাকে মূলধন বিনিয়োগ ও লাভের আশায় ব্যবসায় পরিচালনা করতে হয়।

এই প্যারায় ঃ---- এজন্যই উদ্যোক্তার ঝুঁকি গ্রহণের মানসিকতা থাকতে হয়।

এই প্যারায় ঃ---- উদ্দীপকের বর্ণনা থেকে মিস্ তনুর ঝুঁকি গ্রহণের মানসিকতা প্রকাশের অংশটি উদৃত করবে।

এই প্যারায় ঃ--- উপসংহার হিসেবে একটি সমাপ্তিসূচক বাক্য লিখবে।

**৪নং প্রঃ উঃ ঘ**

নারী উদ্যোক্তা হিসেবে মিস্ তনু বিবিধ সুবিধা আদায়ের মাধ্যমে বুটিক কারখানা স্থাপন সম্ভব হয়েছে। এই বক্তব্যের সাথে আমি সম্পূর্ণ একমত।

যে সকল নারী নতুন কোন পণ্য বা সেবা উৎপাদন কৌশলের উদ্ভাবন এবং ঝুঁকি নিয়ে পণ্য উৎপাদনের জন্য কোন প্রতিষ্ঠান স্থাপন ও পরিচালনা করেন। তাদের নারী উদ্যোক্তা বলে। ২০১৬ সালের জাতীয় শিল্পনীতিতে নারী উদ্যোক্তাদের উদ্বুদ্ধকরণসহ বহুবিধ সহায়তা প্রদানের ব্যবস্থা করা হয়েছে।

এই প্যারায় ঃ--- উদ্দীপকের বর্ণনা থেকে মিস্ তনুর সরকারি বেসরকারি সহায়তা গ্রহণের বর্ণনা লিখবে।

এই প্যারায় ঃ--- সাধারণ উদ্যোক্তার চেয়ে নারী উদ্যোক্তাদের সুযোগ-সুবিধা যে অনেক বেশী তা বিশ্লেষণার্থক বর্ণনা করে মিস্ তনুর কারখানা স্থাপনের সহয়োগিতা উল্লেখ করবে।

এই প্যারায় ঃ--- সমাপ্তি বাক্য লিখবে।

## মডেল প্রশ্ন-০৫

কারিগরি জ্ঞান ও দক্ষতা সম্পূর্ণ এবং বিজ্ঞানমনস্ক মিঃ দিনু সকল উদ্যোক্তাদের জীবনী পড়ে নিজের ভিতরে উদ্যোক্তা হিসেবে বড় লোক হওয়ায় স্বাদ জাগে। এ লক্ষ্যে তিনি নিজের পুঁজি দিয়ে সীমিত পরিসরে একটি মোমবাতি তৈরির কারখানা স্থাপন করেন। এই ব্যবসায় তার প্রচুর লাভ হতে থাকায় তিনি মোমবাতির সাথে আগরবাতি তৈরির যন্ত্রপাতি সংযোজন করে আগরবাতি তৈরির শুরু করেন। তিনি লক্ষ্য করেন দেশের অধিকাংশ মানুষ ধর্মপ্রাণ। তিনি তাঁদের চাহিদা ও পছন্দের কথা মাথার রেখে তিনি ধর্মীয় প্রতিষ্ঠান সমূহের আসে পাশে এই ব্যবসা আরো সম্প্রসারিত করার চিন্তা ভাবনা করছেন। তাঁর ভিতরে পরিস্থিতি পর্যবেক্ষণে সবকিছু সময়োনুযায়ী পরিবর্তনের ইচ্ছাপ্রবল।

ক) ঠেঙ্গামারা মহিলা সবুজ সংঘের প্রতিষ্ঠাতা কে? ১

খ) কর ব্যবস্থা শিল্প উদ্যোগে প্রভাব বিস্তার করে-ব্যাখ্যা কর। ২

গ) উদ্দীপকে মি: দিনুর উদ্যোক্তা হিসেবে কোন গুণাবলিটি অধিক প্রকাশিত-ব্যাখ্যা কর। ৩

ঘ) মিঃ দিনুর উদ্যোক্তা হিসেবে ধরণ উল্লেখ পূর্বক ধর্মীয় প্রতিষ্ঠান সমূহের আশেপাশে ব্যবসায় সম্প্রসারণে যৌক্তিকতা-বিশ্লেষণ কর। ৪

### ৫নং প্রঃ উঃ ক

ঠেঙ্গামারা মহিলা সবুজ সংঘের (TMSS) প্রতিষ্ঠাতা ড: হোসনে আরা বেগম।

### ৫নং প্রঃ উঃ খ

সরকারকে প্রতিবছর পরিশোধের জন্য জনগণের উপর বাধ্যতামূলকভাবে নির্দিষ্ট নিয়মে যে আর্থিক ভার আরোপ করে, সেটিই কর।

উদ্যোক্তাকে শিল্প স্থাপনে অনেকগুলো উপাদান ও পরিস্থিতি বিবেচনা করতে হয়। তাঁর মধ্যে দেশের বিদ্যমান কর কাঠামো অন্যতম। সরকারের কর কাঠামোর সুবিধা বিবেচনায় উদ্যোক্তারা শিল্পস্থাপন ও ব্যবসায় গঠনে উদ্যোগ হয়। অর্থাৎ যে দেশের কর কাঠামো মত সুবিধা জনক সে দেশে দ্রুত শিল্পায়ন হওয়ার সম্ভাবনা বেশি।

তাই বলা যায়- কর ব্যবস্থা শিল্প উদ্যোগে প্রভাব বিস্তার করে।

### ৫নং প্রঃ উঃ গ

উদ্দীপকে মি: দিনুর উদ্যোক্তা হিসেবে নমনীয়তা গুণাবলিটি অধিক প্রকাশিত হয়েছে।

উদ্যোক্তা অবস্থার পরিবর্তনের সঙ্গে খাতা খাইয়ে কাজ করার মাধ্যমে পরিবর্তিত পরিস্থিতি বিবেচনায় অভিযোজন করে সিদ্ধান্ত নেয়ার ক্ষমতাকে নমনীয়তা বলে।

এই প্যারায়--- উদ্দীপকের বর্ণনা থেকে তাঁর পরিস্থিতি প্রেক্ষিত সিদ্ধান্ত নেওয়ার ঘটনা বর্ণনা করবে।

এই প্যারায়--- উপসংহার হিসেবে একটি বাক্য লিখবে।

**<u>৫নং প্রঃ উঃ ঘ</u>**

উদ্দীপকে মি: দিনু কারিগরি দক্ষতা সম্পন্ন উদ্যোক্তা।

যে ধরনের উদ্যোক্তাগণ শিক্ষগত ও মানসিকভাবে কারিগরী জ্ঞান সম্পন্ন হয়ে থাকেন তাদেরকেই কারিগরী দক্ষতা সম্পন্ন উদ্যোক্তা বলে।

যে ধরনের উদ্যোক্তাগণ শিক্ষাগত ও মানসিকভাবে কারিগরী জ্ঞান সম্পন্ন হয়ে থাকেন তাদেরকেই কারিগরী দক্ষতা সম্পন্ন উদ্যোক্তা বলে।

এই প্যারায়--- উদ্দীপকের বর্ণনা থেকে প্রয়োজনীয় অংশ উদৃত করবে।

এই প্যারায়--- ধর্মীয় প্রতিষ্ঠান সমূহের আশে পাশে ব্যবসায় সম্প্রসারণে তার পণ্য সমূহের বিক্রয় বৃদ্ধি পাবে এবং আরো যে সমস্ত সুবিধা পাবে তা বিশ্লেষণ করে লিখবে।

এই প্যারায়--- পরিসমাপ্তি বাক্য দিয়ে শেষ করবে।